

আবুধাবীতে চালু হলো ইউএস বাংলার ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 20 April, 2024



ঢাকা: সংযুক্ত আরব আমিরাতের আবুধাবীতে ফ্লাইট শুরু করেছে বেসরকারি এয়ারলাইনস ইউএস বাংলা।

দেশের বেসরকারি উড়োজাহাজ সংস্থার মধ্যে ইউএস বাংলাই প্রথম আবুধাবীতে ফ্লাইট শুরু করলো। আবুধাবী ছাড়াও সংযুক্ত আরব আমিরাতের দুবাই ও শারজাহ শহরেও ফ্লাইট পরিচালনা করছে এই উড়োজাহাজ সংস্থা।

শুক্রবার (১৯ এপ্রিল) ইউএস বাংলার এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চট্টগ্রাম থেকে আবুধাবীর উদ্দেশ্যে বিকাল ৫টা ৫০ মিনিটে ১৭৪ জন যাত্রী নিয়ে ছেড়ে যায় ইউএস বাংলার বোয়িং ৭৩৭।

এর আগে ফ্লাইটটি বিকাল ৩টা ৫৫ মিনিটে ঢাকা থেকে চট্টগ্রামের উদ্দেশ্যে ছেড়ে যায়। ফ্লাইটটি স্থানীয় সময় রাত ৯টা ১০ মিনিটে আবুধাবী পৌঁছানোর কথা রয়েছে। সেখান থেকে স্থানীয় সময় রাত ১০টা ১০মিনিটে ঢাকার উদ্দেশ্যে রওয়ানা হবে। এটি শাহজালাল বিমানবন্দরে এসে পৌঁছাবে শনিবার ভোর ৪টা ৫০ মিনিটে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, ঢাকা থেকে প্রতি সোম, বুধ, বৃহস্পতি ও শনিবার এবং চট্টগ্রাম থেকে মঙ্গল, শুক্র ও রবিবার বিকাল ৫টা ৫০ মিনিটে ফ্লাইট চলবে। আর আবুধাবী থেকে প্রতি মঙ্গল, বুধ, শুক্র ও রবিবার ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এবং সোম, বৃহস্পতি ও শনিবার চট্টগ্রামের হযরত শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে আসবে ফ্লাইট।

-B